

মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা
একাদশ শ্রেণির ভর্তি নির্দেশিকা
শিক্ষাবর্ষ : ২০২১-২০২২
Web : mgbhs.edu.bd

www.xiclassadmission.gov.bd ওয়েব সাইটের মাধ্যমে আবেদন করে যে সকল শিক্ষার্থী প্রাথমিক নিশ্চায়ন কিংবা মাইগ্রেশন পেয়ে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে অত্র উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের একাদশ শ্রেণিতে ভর্তির জন্য চূড়ান্তভাবে মনোনীত হয়েছে, তাদেরসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য এতদ্বারা জানানো যাচ্ছে যে, উক্ত ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি ও উপায়ে সম্পূর্ণ Online-এ সম্পাদন করতে হবে :

১। ভর্তি ফি, ভর্তি ফরম পূরণ ও জমাদানের তারিখ: ১৯/০২/২০২২ হতে ২৪/০২/২০২২ তারিখ বিকাল ৩:০০ টা পর্যন্ত।

(অত্র শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীগণ বিদ্যালয়ের ওয়েব সাইট www.mgbhs.edu.bd-এ গিয়ে Online Admission-এ ক্লিক করে ভর্তি ফরম পূরণ করতঃ সাবমিট করলে একটি Temporary ID ও Password পাবে। এ ID ও Password দিয়ে লগইন করে ভর্তি ফির ৪,৪০০.০০ টাকা পরিশোধ করলে ভর্তি নিশ্চিত হবে। অতঃপর Online-এ পূরণকৃত ভর্তি ফরম ডাউনলোড করে প্রিন্ট করতে হবে এবং এর এক কপির সাথে ছবি, পেমেন্ট স্লিপ ও প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করতঃ উক্তভাবে পূরণের ০১ ঘন্টার মধ্যে অবশ্যই অত্র উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অফিসে জমা দিতে হবে। আরেক কপি শিক্ষার্থীকে নিজের সংগ্রহে রাখতে হবে। Adde.Soft Help Line:01521333449)।

২। কোটায় ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থীকে অত্র উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে স্বশরীরে উপস্থিত হয়ে নিম্নলিখিত কাগজ দাখিল পূর্বক ভর্তি ফি জমাদানের পূর্ব অনুমোদন গ্রহণ করতে হবে :

- ক) মুক্তিযোদ্ধা কোটা: মুক্তিযুদ্ধ বিষয়ক কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদ এবং শিক্ষার্থী মুক্তিযোদ্ধার নাতি হলে ওয়ারিশের প্রত্যায়নপত্র বা তার বাবা/মায়ের জাতীয় পরিচয়পত্র/এসএসসি সনদের কপি।
- খ) প্রতিবন্ধী কোটা: সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে ম্যানুয়ালি আবেদন করে এ কোটায় প্রাপ্ত ভর্তির অনুতিপত্রের কপি।
- গ) প্রবাসী/বিকেএসপি কোটা: সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে প্রবাসীদের সম্মান ও বিকেএসপি হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের এ কোটায় আবেদন করে প্রাপ্ত ভর্তির অনুতিপত্রের কপি।

৩। পূরণকৃত ভর্তি ফরমের প্রিন্ট কপির সাথে যে সকল কাগজপত্র বিদ্যালয় অফিসে জমা দিতে/সংযুক্ত করতে হবে

১. শিক্ষার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত রঙিন ছবি ও পেমেন্ট স্লিপ।
২. শিক্ষার্থীর এস এস সি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রসংশাপত্রের সত্যায়িত ছায়ালিপিসহ মূলকপি।
৩. কোন সংরক্ষিত কোটায় ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার স্বপক্ষের সনদের সত্যায়িত ছায়ালিপি।

উল্লেখ্য ২৪/০২/২০২২ তারিখ বিকাল ৪:০০ টার পর আর কোন ফরম জমা নেয়া হবে না। পূরণকৃত এ ভর্তি ফরম বিদ্যালয় অফিসে জমাদানের মাধ্যমে শিক্ষার্থীর ভর্তি কার্যক্রমের সমাপ্তি ঘটবে। ভর্তি ফরমে শিক্ষার্থীর শ্রেণি রোল স্বয়ংক্রিয়ভাবে পরবে।

৪। ক্লাশ শুরুর তারিখ ও সময় : ০২/০৩/২০২২ খ্রিঃ, রোজ বুধবার সকাল ১০:০০ টা।

<http://mgbhs.edu.bd/admission/index.php>


প্রধান শিক্ষক